

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৪.০০.০০০০.১১২.৩০.০০৪.১৫-৫৯৮

তারিখঃ ১০/০৫/২০১৫।

কোটেশন আহবান বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ফটোকপিয়ারের জন্য নিম্নবর্ণিত মডেলের ১১ (এগার)টি টোনার সরবরাহের লক্ষ্যে প্রকৃত ও লাইসেন্স প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নোক্ত শর্তে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	টোনারের মডেল নং	প্রস্তাবিত টোনার ক্রয়ের পরিমাণ
১	SHARP-SF 2030	০৩ (তিন) টি
২	Conica Minolta-bizhub 211	০৬ (ছয়) টি
৩	Model: KM 3040, SL NO. PGS-8900806	০২(দুই) টি
মোটঃ		১১ (এগার) টি


২। উপরোক্ত মডেলের ফটোকপিয়ারের টোনার সরবরাহের লক্ষ্যে কোটেশন আগামী ১৮/০৫/২০১৫ তারিখ বেলা ২.০০ টায় সচিবালয়স্থ ৬ নং ভবনের ৮ম তলায় ৭১৭ নং কক্ষে রক্ষিত বক্সে জমা দিতে হবে। ঐ দিনই বেলা ২.৩০ টায় উপস্থিত কোটেশনদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশনসমূহ খোলা হবে।

শর্তাবলীঃ

- কোটেশনদাতাকে কোটেশনে উল্লিখিত টাকার পরিমাণ অংক ও কথায় লিখতে হবে। কোন প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হবে না।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কার্যাদেশের বর্ণনা অনুযায়ী ফটোকপিয়ারের টোনার সরবরাহ করতে হবে অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে। ফটোকপিয়ারের টোনার সরবরাহের ক্ষেত্রে ১(এক) বছরের নিশ্চয়তা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে কোন ফটোকপিয়ারের টোনার নষ্ট হলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে সরবরাহ/পরিবর্তন করে দিতে হবে।
- যে কোন প্রকার তথ্যের জন্য সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে টেলিফোনে যোগাযোগ করতে পারেন।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অসম্পূর্ণ কোটেশন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। কোটেশনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবেঃ-

- হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি;
- গত অর্থ বছরে প্রদত্ত আয়কর সনদপত্রের কপি;
- ভ্যাট নিবন্ধন সংক্রান্ত প্রত্যয়ন পত্র।


স্বাক্ষরঃ মাসুদুর রহমান
সহকারী সচিব
ফোনঃ-৯৫১৪৪৬৪।

অনুলিপিঃ

- ১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, সকল গেইট।
- ২। নোটিশ বোর্ড, মহাহিসাব নিয়ন্ত্রকের অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, বিসিআইসি, মতিঝিল, ঢাকা।
- ৬। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট।